গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২৮.০৭.২০২৫ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকার ভর্তি সংশোধিত বিজ্ঞপ্তি

পরিবর্তিত বিষয়ে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের করনীয়: ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম পূর্বের ন্যায় অনলাইন থেকে ডাউনলোড করে এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। সংগৃহীত ফরম ও অন্যান্য কাগজপত্র পূর্বের নিয়মে একটি খামে করে পরিবর্তিত বিভাগে আগামী ০৩.০৮.২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।

বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীরা পূর্বে ভর্তিকৃত বিষয়ে যে ফি প্রদান করেছে এবং বর্তমানে যে বিষয়ে ভর্তি হবে, এই দুই বিষয়ের ফি এর পার্থক্য যা হবে, এই পরিমাণ টাকা ই-শিক্ষার মাধ্যমে জমা দিতে হবে। যেমন-উদাহরণসরুপ একজন শিক্ষার্থী পূর্বে বাংলায় ভর্তি হয়ে থাকলে এবং বর্তমানে পরিবর্তিত বিষয় হিসাবে যদি গণিতে ভর্তি হয়, তাহলে তাকে (৬৫৯০-৫৭৮০)=৮১০/- টাকা ই-শিক্ষার মাধ্যমে জমা দিয়ে রশিদ বিভাগে জমা দিতে হবে এবং প্রতিটি বিভাগকে এ বিষয়টি যাচাই করে নিতে হবে।

২য় মেধা তালিকা হতে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থী কর্তৃক করণীয়:

২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম আগামী ২৮.০৭.২০২৫ খ্রি, হতে শুরু হয়ে ০৩.০৮.২০২৫ খ্রি, তারিখ পর্যন্ত চলবে।

ধাপ-১: অনার্স ১ম বর্ষ কোর্সে ২য় মেধা তালিকায় ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac. bd/admissions-এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে এবং পূরণকৃত ফরম Submit করে A4 সাইজের অফসেট কাগজে প্রিন্ট আউট নিতে হবে এবং নির্ধারিত স্থানে প্রার্থীকে স্বাক্ষর করতে হবে।

(বিষয় পরিবর্তন করতে চাইলে শিক্ষার্থীকে অনলাইন ফরমের নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন (√) দিতে হবে। অন্যথায় বিষয় পরিবর্তনের আর কোন সুযোগ থাকবে না।)

ধাপ-২ :

ক) কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com** *এ গিয়ে নিম্নোক্ত* **User Name** ও **Password** *দিয়ে* ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
**(User Name: mcstudent, Password: mcstudent** দিয়ে **Sign In** করতে হবে।)

চ) এরপর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।

ছ) **Select Honours Department** এবং **Enter Admission Roll (7 Digit** *জাতীয় বিশ্ববিদ্যালয় রেজাল্টে* **Admission Roll** *আছে* **)** ঘর দুটি পূরণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।

জ) ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন-এ ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে। ভর্তি ফি বিকাশ/রকেট (বিলার Biller ID: 1892)/সোনালী ই সেবা এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

ঝ) ভর্তি ফি প্রদানের পর **Application Form Reprint** অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।

ধাপ-৩ : ধাপ ১ ও ২ সম্পন্ন করার পর নিম্নোক্ত কাগজসমূহ স্ট্যাপলার দ্বারা সংযুক্ত করে একটি নির্দিষ্ট খামে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে প্রিন্টকৃত ফরমের ০১ কপি)
(খ) কলেজ ওয়েবসাইট হতে প্রিন্টকৃত ফরমের ০১ কপি

(গ) ইশিক্ষায় (বিকাশ/রকেট-১৮৯২/সোনালী ই-সেবা) পরিশোধিত টাকার রশিদের ০১ কপি

(ঘ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্রের ফটোকপি (সত্যায়িত বিহীন)

বি:দ্র: ১। প্রস্তুতকৃত খামটির উপরে নাম, বিভাগ, ভর্তি রোল নং, মোবাইল নম্বর এবং ঠিকানা লিখে নির্ধারিত তারিখের মধ্যে সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত এবং এইচএসসি পরীক্ষা-২০২৫ চলাকালীন দুপুর ১.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত

স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফিস এবং বিভাগে কাগজ জমা দেওয়ার সময়সীমা অনুসরণ না করলে যদি ভর্তি সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হয় তবে বিভাগ ও কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স ভর্তির বিষয়ভিত্তিক ফি

| *অনার্স বিষয়* | *জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি* ও জাতীয় বিশ্ববিদ্যালয়কর্তৃক নির্ধারিত কলেজ ফি | | প্রস্তুতিমূলক পরীক্ষার ফি | মোট প্রদেয় | |
|---|---|---|---|---|---|
| | *মুসলিম* | *অন্যান্য ধর্মাবলী* | | *মুসলিম* | *অন্যান্য ধর্মাবলী* |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান সমাজবিজ্ঞান, অর্থনীতি, | ৫৪১৫/- | ৫৪২০/- | ৩৬০/- | ৫৭৭৫/- | ৫৭৮০/- |
| উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান, | ৬১১৫/- | ৬১২০/- | ৩৬০/- | ৬৪৭৫/- | ৬৪৮০/- |
| পরিসংখ্যান | ৬১১৫/- | ৬১২০/- | ৪০০/- | ৬৫১৫/- | ৬৫২০/- |
| প্রাণিবিজ্ঞান | ৬১১৫/- | ৬১২০/- | ৩০০/- | ৬৪১৫/- | ৬৪২০/- |
| পদার্থবিজ্ঞান | ৬১১৫/- | ৬১২০/- | ৪১০/- | ৬৫২৫/- | ৬৫৩০/- |
| রসায়ন | ৬১১৫/- | ৬১২০/- | ৪৬০/- | ৬৫৭৫/- | ৬৫৮০/- |
| গনিত | ৬১১৫/- | ৬১২০/- | ৪৭০/- | ৬৫৮৫/- | ৬৫৯০/- |

বিভাগের জন্য করণীয়:

- ❖ খামে প্রদত্ত কাগজপত্র যাচাইপূর্বক (টাকা জমার রশিদসহ) ভর্তিকৃত শিক্ষার্থীর তালিকা ০৩.০৮.২০২৫ তারিখ বিকাল ৫ টার মধ্যে ভর্তি বিষয়ক- ইমেইলে (**admission.mccollege1892@gmail.com**) প্রেরণ করতে হবে এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি নিজ বিভাগে সংরক্ষণ করতে হবে।
- ❖ অনার্স ১ম বর্ষের ২য় মেধা তালিকায় ভর্তির নিশ্চায়নকৃত শিক্ষার্থীর তালিকা স্ব স্ব বিভাগের ই-মেইলে ০৫.০৮.২০২৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করা হবে। উক্ত তালিকা ভালোভাবে যাচাই পূর্বক ০১ কপি প্রিন্টকপি বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ ০৬.০৮.২০২৫ বেলা ১১.০০ টার মধ্যে কলেজের কম্পিউটার শাখায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত তালিকায় যদি কোন ভুল নিশ্চায়ন/সংখ্যাগত গড়মিল পরিলক্ষিত হয় তাহলে ঐ দিন বেলা ১১.০০ টার মধ্যে কমিটি/কম্পিউটার শাখায় অবহিত করতে হবে।

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন আবেদনের শেষ তারিখ: ০৩.০৮.২০২৫
ভর্তির টাকা জমাদানের শেষ তারিখ: ০৩.০৮.২০২৫
স্ব স্ব বিভাগে ভর্তি ফর্মসহ যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ০৩.০৮.২০২৫

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

28/07/25
আহবায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২৪-২০২৫
মুরারিচাঁদ কলেজ, সিলেট